

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর  
প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা  
ই-৭, আগারগাঁও, ঢাকা  
[www.dip.gov.bd](http://www.dip.gov.bd)



ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২.২.৩ নং সূচক অনুসারে কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব মোঃ সাঈদুল ইসলাম পরিচালক (পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
সভার তারিখ	:	১১ নভেম্বর ২০২১
সময়	:	সকাল ১০:০০ ঘটিকা
স্থান	:	সম্মেলন কক্ষ (কক্ষ নং - ৬০০২)
উপস্থিতি	:	তালিকা সংযুক্ত

সভাপতি মহোদয় ইনোভেশন টিমের উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

২। সদস্য সচিব জানান নিম্নোক্ত কার্যক্রম ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছেঃ

- ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা গত ০৭-০৭-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে।
- উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ এবং সেবা ডিজিটাইজেশন এর কার্যক্রমসমূহ বাস্তবায়নের লক্ষ্যে উদ্ভাবনী ধারণা আহবান করে ২৬-০৮-২০২১ খ্রিঃ তারিখে অধিদপ্তরের সকল কর্মকর্তা ও মাঠ পর্যায়ের অফিসসমূহে পত্র প্রেরণ করা হয়েছে।
- ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ কর্মশালা গত ১৮-০৭-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে।
- ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে ১ম প্রশিক্ষণ গত ২৫-০৮-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে এবং ২য় প্রশিক্ষণ ০৮-০৯-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

৩। উপপরিচালক জনাব নাদিরা আক্তার সেবা সহজিকরণের লক্ষ্যে প্রধান কার্যালয়ে কিয়স্কের মাধ্যমে তথ্য সেবা প্রদানের বিষয়ে মতামত দেন।


৪। উপপরিচালক জনাব নাদিরা আক্তার সেবা ডিজিটাইজেশনের জন্য পার্সোনালাইজেশন সেন্টারের রিপোর্টিং সফটওয়্যার তৈরীর বিষয়ে মতামত দেন।

৫। উপপরিচালক জনাব মোঃ সালাহ উদ্দিন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে পাসপোর্ট তথ্য সহায়িকা এন্ডয়েড এ্যাপস তৈরীর বিষয়ে মতামত দেন।

সিদ্ধান্তঃ

১। ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২.২.৫ নং কর্মসম্পাদন সূচক অনুসারে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের লক্ষ্যে বিদেশে বাংলাদেশ মিশনসমূহে ই-পাসপোর্ট উল্লোখন কার্যক্রমে অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্যদের অর্ন্তভুক্ত করার বিষয়টি নথিতে উপস্থাপনের করার জন্য সভায় আলোচনা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সালাহ উদ্দিন

উপপরিচালক (প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা)

মহাপরিচালকের পক্ষে